দৈনিক বাংলা
025
তারিখ 15 NOV 1988
পৃষ্ঠা 6 কলাম 3
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# এইচএসসিতে যশোর বোর্ডে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ১০টি আসন লাভ

(নিজস্ব সংবাদদাতা)

ঝিনাইদহ, ১৩ই নবেম্বর।—ঝিনাইদহ ক্যাডেট কলেজ এবার যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার সাম্মিলিত মেধা তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানসহ সর্বমোট ১০টি আসন লাভ করেছে।

তাদের মধ্যে জিয়া হাসান চৌধুরী ৪টি লেটারসহ ৯১৩ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে। শাহেদ ফারুক বিনহা ৪টি লেটার সহ ৯১০ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান লাভ করেছে। শওকত মোহাম্মদ কামরুল হাসান ৪টি লেটার সহ ৯০১ নম্বর পেয়ে ৪র্থ স্থান পেয়েছে। হাসান মাহমুদ রেজা ৪টি লেটারসহ ৮৮২ পেয়ে পঞ্চম স্থান পেয়েছে। অহিদুল ইসলাম ৪টি লেটারসহ ৮৭৩ নম্বর পেয়ে ৭ম স্থান লাভ করেছে। অহেদুজ্জামান ৪টি লেটার ও ৮৬০ নম্বর পেয়ে একাদশ স্থান পেয়েছে। মোঃ আতিকুর রহমান ৪টি লেটারসহ ৮৫৮ নম্বর পেয়ে দ্বাদশ স্থান লাভ করেছে। মোঃ সাজ্জাদ সাঈদ তিনটি লেটারসহ ৮৪১ পেয়ে ১৪তম স্থান, মিরাজ-ই-মোস্তফা ৩টি লেটারসহ ১৫তম এবং মোঃ রুহুল আমীন ৩টি লেটারসহ ১৮তম স্থান লাভ করেছে।



ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে মেধা তালিকায় আসন লাভ- শাহেদ, কামরুল, মাহমুদ, অহিদ, (নিচে) অহেদ, আতিক, —দৈনিক বাংলা